# হজ উমরা ও যিয়ারত

বিভাগ/অধ্যায়ঃ অষ্টম অধ্যায় : হজ-উমরার আমলসমূহের সংক্ষিপ্ত ইতিহাস

রচয়িতা/সঙ্কলকঃ ইসলামহাউজ.কম

মিনায় অবস্থান

ইবরাহীম আলাইহিস সালাম মিনায় অবস্থান করেছিলেন। তাছাড়া বিভিন্ন বর্ণনায় দেখা যায়, সত্তরজন নবী-রাসূল আলাইহিমুস সালাম মিনায় অবস্থিত মসজিদে খাইফে সালাত আদায় করেছেন। রাসূলুল্লাহ সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম বলেন,

«لَقَدْ سَلَكَ فَجَّ الرَّوْحَاءِ سَبْعُونَ نَبِيًّا حُجَّاجًا عَلَيْهِمْ ثِيَابُ الصُّوفِ وَلَقَدْ صَلَّى فِى مَسْجِدِ الْخَيْفِ سَبْعُونَ نَبِيًّا».

‘ফাজ্জ-রাওহা দিয়ে সত্তরজন নবী পশমী কাপড় পরে হজ করতে গিয়েছিলেন এবং মসজিদে খাইফে সত্তরজন নবী সালাত আদায় করেছিলেন।’[1]

অন্য হাদীসে এসেছে, রাসূলুল্লাহ সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম বলেছেন,

«صلى في مسجد الخيف سبعون نبيا منهم موسى كأني أنظر اليه وعليه عباءتان قطوانيتان وهو محرم على بعير من ابل شنؤة مخطوم بخطام ليف له ضفران».

‘মসজিদে খাইফে সত্তরজন নবী সালাত আদায় করেছেন, মুসা আলাইহিস সালাম তাদের অন্যতম। আমি যেন তার দিকে তাকিয়ে আছি। তার গায়ে দু’টি কুতওয়ানী চাদর জড়ানো। তিনি দুই গুচ্ছ সংবলিত লাগাম বিশিষ্ট উটের ওপর ইহরাম বেঁধে বসে আছেন।’[2]

## ফুটনোট

[1]. মুস্তাদরাক হাকেম : ২/৬৫৩।

[2]. মু‘জামুল কাবীর : ১১/৪৫২।

Source — https://www.hadithbd.com/books/link/?id=7459

হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন